

অতীব জরুরি

মহাপরিচালকের দপ্তর  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
ঢাকা

বিষয় : ই-ফাইলের মাধ্যমে সকল ফাইল উপস্থাপন।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সকল বিভাগের সকল ফাইল ই-ফাইলের মাধ্যমে উপস্থাপনের জন্য ইতিপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। এমনকি গত ২৩ মার্চ ২০১৭ তারিখে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভাতেও ই-ফাইলিং বাস্তবায়নের জন্য কঠোরভাবে নির্দেশ প্রদান করা সত্ত্বেও তা ফলপ্রসূভাবে বাস্তবায়িত হচ্ছে না।

এমতাবস্থায় ২ এপ্রিল ২০১৭ তারিখ থেকে ই-ফাইল ছাড়া অন্যকোন ফাইল স্বাক্ষর বা অনুমোদন করা হবে না। তবে অতি আবশ্যিক হলে যথাযথ কারণ দর্শানো স্বাপেক্ষে হার্ড ফাইল স্বাক্ষর/ অনুমোদন করা যেতে পারে। এ ক্ষেত্রে কোন কর্মকর্তার মধ্যে শৈথিল্য দেখা গেলে সেটি পেশাগত দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা হিসাবে গন্য করা হবে এবং সেক্ষেত্রে যথাবিহীন বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
৩০/০৩/১৭

ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি  
মহাপরিচালক

- ১। অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ২। পরিচালক (সকল)/ সিস্টেম ম্যানেজার, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। প্রকল্প পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৫। উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৬। সহকারী পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৭। শিক্ষা অফিসার (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৮। সহকারী শিক্ষা অফিসার (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

ইউও নোট: ৩৮.০১.০০০০.১০০.০২.০০১.১৬-২২৯

তারিখ: ৩০ মার্চ ২০১৭